

আপনার শহরকে পরিচ্ছন্ন  
ও সবুজ রাখুন

চট্টগ্রাম সিটি কর্পোরেশন  
সচিবালয় বিভাগ  
সাধারণ শাখা  
www.ccc.gov.bd



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং : ৪৬.১১.১৬০০.০০১.৩১.০৫০.১০৬৭

তারিখ: ৩০.১২.২০২০

অফিস আদেশ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের (গাড়ী ব্যবহারের প্রাধিকারভুক্ত) অনুকূলে চসিক কর্তৃক বরাদ্দকৃত গাড়ী অফিস সময় শেষে (বিকাল ৫:০০ টা) প্রকৌশল বিভাগের যান্ত্রিক(পুল) শাখায় জমা প্রদান করা আবশ্যিক। কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে অফিস সময়ের পর বিভিন্ন কর্মকর্তা/কর্মচারী বরাদ্দকৃত গাড়ী প্রকৌশল বিভাগের যান্ত্রিক(পুল) শাখায় জমা না দিয়ে অফিস সময়ের পরেও অবৈধভাবে ব্যক্তিগত কাজে ব্যবহার করছেন যা বিধিমালা/নীতিমালা পরিপন্থী।

এমতাবস্থায় এ সংক্রান্ত সরকারের নীতিমালা/বিধিমালা ও ১১তম সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী উক্ত কর্মকর্তা/কর্মচারী অফিস সময়ের পর গাড়ী প্রকৌশল বিভাগের যান্ত্রিক(পুল) শাখায় জমা প্রদান করার জন্য অনুরোধ করা হল। ব্যর্থতায় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে সিটি কর্পোরেশনের বিধান অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি নিশ্চিত করে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিত ভাবে অবহিত করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করা হল।

এ আদেশ সিটি কর্পোরেশনের স্বার্থে জারি করা হল।

(মোহাম্মদ শাহীদুল আলম)

প্রধান নির্বাহী কর্মকর্তা

ফোন নং : ০২৩৩৩৬৬৪৯৬

ই-মেইলঃ ctgcccce@gmail.com

অনুলিপি : অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ২। বিভাগীয়/শাখা প্রধান (সকল) (.....) বিভাগ/শাখা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ৩। একান্ত সচিব, মাননীয় মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ৫। নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক ও পুল), চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ৬। অফিস কপি।